২৯ তম বর্ষ ২য় সংখ্যা
সেপ্টেম্বর ২০০৮

উৎস মানুষ

উৎস মানুষ

২৮তম বর্ষ ● দ্বিতীয় সংখ্যা ● সেপ্টেম্বর ২০০৮

সূচিপত্র

আহরণ ['আপনাকে বলছি স্যার']		২
ঐক্যের গান	অশোক বন্দ্যোপাধ্যায়	৫
সমুদ্রমন্থন ও নীলকণ্ঠ	অসীম চট্টোপাধ্যায়	৭
দাঁতে ফ্লোরাইড	শর্মিষ্ঠা রায়	১২
ওষুধ ডাক্তার রুগী-র দাম	পাচু রায়	১৫
কলকাতার জল-নিকাশি সমস্যা	কল্যাণ রুদ্র	২০
হোমিওপ্যাথির সমাপ্তি?	মণীন্দ্রনারায়ণ মজুমদার	২৬
'যাহারা তোমার বিষাইছে বায়ু'...	অসীম চট্টোপাধ্যায়	২৮
বই বাঁধাই : এক লুপ্তপ্রায় শিল্প	প্রতিবেদন	৩০
আলোয় দেখা, লেখা, পড়া	বিপ্লব রায়চৌধুরী	৩১
ধনেপ্রাণে মৃত্যুর দূত-তামাক	উৎপল সান্যাল	৩৩
নেশা মন মস্তিষ্ক	মৈনাক মুখোপাধ্যায়	৩৬
মনের দাওয়াই : প্ল্যাসিবো	সমীরকুমার ঘোষ	৩৭
বিদ্যাসাগর - বিবেকানন্দ	আশীষ লাহিড়ী:	৪১
বিজ্ঞানীদের ধর্মবিশ্বাস (অনুবাদ)	রিচার্ড ডকিন্‌স	৪৫
পুস্তক পরিচয় - দ্বিখণ্ডিত	এম এ সফিউল্লা	৪৬

সম্পাদনা □ অশোক বন্দ্যোপাধ্যায়

উৎস মানুষ

ISSN 0971 - 5800

অস্থায়ী কার্যালয় — শ্রাবণী, এস ৬/২, সল্টলেক, কলকাতা ১০৬

ফোন : ৯৮৩০৬৫৯০৫৮, ৯৪৩৩৮৮৮৮৬২, ২৫৩১ ০৯১৩, ২৩৩৪ ০৯০৪

সম্পাদকীয়

কী হয়, কীভাবে হয়, কেন হয়

অজ্ঞতা অযুক্তি অন্ধতা থেকে মুক্তির প্রথম সোপান হল শিক্ষা, আর শিক্ষার সবচেয়ে শক্তিশালী অস্ত্র হল বিজ্ঞান। বিজ্ঞান মানুষের বুদ্ধি চেতনা এবং প্রয়োগ-কৌশলের বিকাশ ঘটায়। কিন্তু বিজ্ঞানশিক্ষিত মানুষমাত্রেই যে সৎ দায়িত্বশীল বিবেকসম্পন্ন হয় না সে কথা কে না জানে। তবু মানুষের সমাজ ও জীবনমানের সামগ্রিক উন্নয়নে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী ভিন্ন পথ নেই। আত্মনির্ভরতার গোড়ার কথাই তো নিজের বুদ্ধি-বিচার দিয়ে ভুল থেকে ঠিকটাকে, মিথ্যে থেকে সত্যিটাকে পৃথক করে চিনে নেওয়া, বুঝে নেওয়া। আমাদের দৈনন্দিন জীবনে এই যুক্তিশীল দৃষ্টিভঙ্গী গড়ে তোলার অভ্যাসে বিরাট ঘাটতি রয়ে গেছে বরাবর, ফলে পদে পদে বিভ্রান্তি আসে।

এই দেখুন না, দেশ জুড়ে 'উন্নয়ন' নিয়ে কত ঢক্কানিনাদ, কত হট্টগোল। ধন্ধ কাটিয়ে আসল চিত্রটাকে বুঝে উঠতে মাথা ঘুলিয়ে যায় সাধারণ মানুষের। 'উন্নয়ন' হবে; ফ্লাই ওভার, এক্সপ্রেস ওয়ে, সুপার মল, শপিং প্লাজা, মাল্টিপ্লেক্স ঝলমলিয়ে উঠবে এই জীর্ণ মলিন বাংলার জমিতে। কিন্তু জমিহারাদের কী হবে? পেশাজীবী কুটির-শিল্পীদের কী হবে? খাবার জল, সব্জি বাগান, স্বাস্থ্যকেন্দ্র, স্কুলঘরের কী হবে? পাখির কূজন, জলের কাঁপন, পুবালি বাতাস, বুনো ফুলের সোঁদা গন্ধ, কোথায় চলে যাবে? গ্রামীণ আচার, বাউল আখড়া, ঠাকুর দালান? 'মানুষের উন্নয়নে' মানুষের সংস্কৃতি প্রকৃতি সমাজ-বৈচিত্র্য সব হারিয়ে যাবে? ... এরকম প্রশ্ন, হাজার প্রশ্ন, উদ্বেগ দ্বন্দ্ব বিভ্রম, বাংলার মানুষের মনে কিলবিল করে। সদুত্তর নেই, দিশা নেই।

একদিকে উন্নয়ন নিয়ে সরকারি অপপ্রচার, বিপরীতে বিকল্প উন্নয়ন-মডেল নিয়ে তত্ত্বপ্রচার। মাঝে মানুষ বিভ্রান্ত। বুঝে ওঠা যায় না। মানুষের মতো আপন অধিকারে বাঁচার ভরসাটুকুও পাওয়া যায় না। অতএব এখন নিজের যুক্তি-বুদ্ধি-বিচারই ভরসা। এখন, জীবনের সর্বক্ষেত্রে প্রশ্নমনস্কতার অভ্যাসকে জাগিয়ে তোলা আরো জরুরী।

উৎসমানুষের এই সংখ্যা কোনো 'বিশেষ সংখ্যা' নয়, সামগ্রিক দৃষ্টিভঙ্গীর সহায়ক সাধারণ বিষয় সংখ্যা।

WB/EC 228 ISSN 0971-5800 RN 37275/80 Rs. 15.00
UTSA MANUSH 28th YEAR SEPTEMBER 2008 ১৫ টাকা

ওরা যখন ইহুদিদের মারতে এলো, আমি প্রতিবাদ করিনি,
আমি ইহুদি নই।
ওরা যখন ক্যাথলিকদের মারতে এলো, আমি প্রতিবাদ করিনি,
আমি ক্যাথলিক নই।
ওরা যখন চাষীদের মারতে এলো, আমি প্রতিবাদ করিনি,
আমি চাষী নই।
ওরা যখন আমাকে মারতে এলো, কেউ প্রতিবাদ করলো না,
প্রতিবাদ করার মতো কেউ ছিল না।

[জার্মান নাট্যকার আর্নস্ট টোয়েলার (১৮৯৩-১৯৩৯)-এর সংলাপের ছায়া অবলম্বনে]

'উৎস মানুষ সোসাইটি'র পক্ষে বরুণ ভট্টাচার্য কর্তৃক বি ডি ৪৯৪, সল্ট লেক, কলকাতা ৭০০ ০৬৪ থেকে প্রকাশিত এবং
শৈলী, ৪এ, মানিকতলা মেইন রোড, কলকাতা ৫৪ হইতে মুদ্রিত।